গাজায় যুদ্ধ বন্ধের আহ্বান জানালেন ইসরায়েলের বিরোধী দলীয় নেতা লাপিদ



সংগৃহীত ছবি

ইরানের সঙ্গে যুদ্ধবিরতির ঘোষণা আসার পর এবার গাজায় চলমান যুদ্ধ বন্ধের আহ্বান জানালেন ইসরায়েলের বিরোধী নেতা ও সাবেক প্রধানমন্ত্রী ইয়ায়ের লাপিদ।

সোমবার এক্স (সাবেক টুইটার) প্ল্যাটফর্মে দেওয়া এক বার্তায় তিনি বলেন, ‘এখন সময় গাজার যুদ্ধও শেষ করার। জিম্মিদের মুক্ত করো, যুদ্ধ থামাও!’ — এমনই কড়া বার্তা দেন তিনি।

গাজায় চলমান সংঘর্ষ চলছে প্রায় ২০ মাস ধরে। হাজার হাজার প্রাণহানির পরেও যুদ্ধের অবসান ঘটেনি। তবে ইরানের সঙ্গে সাম্প্রতিক যুদ্ধবিরতির পর নতুন করে গাজা যুদ্ধের ইতি টানার দাবি জোরালো হয়ে উঠেছে।